# জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

## বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০

bpi.gov.bd


বিষয় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ কে মহিউদ্দিন আহমদ, মহাপরিচালক, বিপিআই। |
| সভার তারিখ | : | ১১/০৩/২০২১। |
| সভার সময় | : | দুপুর ১১.৩০ ঘটিকা। |
| স্থান | : | অনলাইন সিষ্টেম (জুম) |
| উপস্থিতি | : | রেকর্ডেড। |

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি বিপিআই এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বিপিআই এর কার্যক্রম ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে উপস্থাপনা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাসমূহ উপস্থাপন করেন।

৩। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই প্রশিক্ষণ কার্যক্রমে সম্পৃক্ত থাকার সময় কোন সেবা সম্পর্কে অভিযোগ/পরামর্শ থাকলে বিপিআইকে অনলাইনে/ডাকযোগে অবহিত করার অনুরোধ জানিয়ে বলেন যে, সংশ্লিষ্ট কর্মকর্তা সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন। তাছাড়া কোন পরামর্শ থাকলে সে বিষয়ে ব্যবস্থা নেয়া হবে বলে জানান। তিনি প্রত্যেকের স্ব-স্ব প্রতিষ্ঠানে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম ফলপ্রসূ করার জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিলো বলে জানান। প্রযোজ্য ক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষক দিয়ে বিপিআই সকল প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে। প্রশিক্ষণার্থীদের যদি কোন সমস্যা থেকে থাকে বা প্রশিক্ষণার্থীগণ কোন বিষঁয়ে সন্তুষ্ট না হলে তা খোলামনে জানানোর জন্য তিনি অনুরোধ করেন।

৪। আলোচনায় অংশ নিয়ে কোম্পানি সেক্রেটারি, সিলেট গ্যাস ফিল্ডস বর্তমান সরকারের রূপকল্পের আওতাভুক্ত এপিএ, ইনোভেশন এবং এনআইএস বিষয়ে পর্যাপ্ত প্রশিক্ষণ হচ্ছে না বলে জানান। পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা হলে ভালো হবে মর্মে মতামত ব্যক্ত করেন। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই আরোও বলেন যে, বিপিআই হতে বার-বার চিঠি

দিয়ে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে জানানো হয়। প্রশিক্ষণ শুরুর আগে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে চিঠি পাঠিয়ে দেয়া হয়। অনুরোধের প্রেক্ষিতে ভবিষ্যতে বিপিআই আরও বেশী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে প্রস্তুত আছে। তবে সব সময় পর্যাপ্ত সংখ্যক প্রশিক্ষণার্থী পাওয়া যায় না।

৫। জনাব মো: আল আমিন, উপব্যবস্থাপক, তিতাস গ্যাস কো: লি: অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠানের জন্য বিপিআই কে ধন্যবাদ জানান। তিনি ২০২০ সালের জুলাই মাসে Fire Fighting বিষয়ক প্রশিক্ষণে তাদের নিবন্ধনকৃত ১৫ জন প্রশিক্ষণার্থীর ১৪ জন অংশগ্রহণ করার কথা জানান। সেক্ষেত্রে তিনি একজনের বিল কমানোর জোর দাবি জানান। পরবর্তীতে তিনি এপিএ, এনআইএস এবং জিআরএস বিষয়ক প্রশিক্ষণ বেশী করে আয়োজন করার কথা বলেন। এছাড়া তিনি টেকনিক্যাল কোর্সসমূহ সরাসরি পরিচালনা করার পরামর্শ প্রদান করেন।

৬। বিল কমানো প্রসঙ্গে তাঁকে জানানো হয় যে, একজন প্রশিক্ষণার্থীর অনুপস্থিতি অফিসিয়ালি বিপিআই'কে অবহিত করা হয়নি।

৭। জনাব আকতারুল আহসান, উপ-পরিচালক, জিএসবি, ভূতত্ত্ব বিষয়ে জিএসবিতে কর্মরত কর্মকতাদের কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। বড়পুকুরিয়া কোল মাইনিং কো: লি:, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো: লি: এবং সিলেট গ্যাস ফিল্ড কোম্পানি থেকে একই প্রস্তাব করা হয়।

৮। জনাব ফরিদ আহমেদ, কোম্পানি সেক্রেটারি, আরপিজিসিএল, Support to Good Governance এর আওতায় বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

৯। কোন প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ আয়োজনের অনুরোধ সম্বলিত পত্র পাওয়ার পর ১০(দশ) কার্যদিবসের মধ্যেই বিপিআই সংশ্লিষ্ট প্রশিক্ষণের আয়োজন করবে।

১০। জনাব জাহিদ আলম, ব্যবস্থাপক (নিয়োগ ও প্রশিক্ষণ) তাদের স্টাফদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। তিনি কলেন স্টাফদেরও কিছু কিছু বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করা দরকার। আগামী অর্থবছরের বিপিআই এর প্রশিক্ষণ ক্যালেন্ডারে ড্রাইভার ও অফিস স্টাফদের জন্য প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা রাখার অনুরোধ জানান।

১১। আগামী অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডারে বিপিআই কর্মচারীদের জন্য অফিস ব্যবস্থাপনা, অফিস ইটিকেট, সুশাসন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে বলে সভাপতি উপস্থিত সবাইকে অবহিত করেন।

১২। সভাপতি বলেন বিপিআই ওয়েবসাইটে অভিযোগ/পরামর্শ এর সুযোগ রয়েছে। এছাড়া যে কেউ বিপিআই এর কাজের মান সর্ম্পকে আলোচনা করতে পারেন। বিপিআই-এর কাজের মান যাতে উত্তরোত্তর বৃদ্ধি পায় সেক্ষেত্রে সকলকে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত :

১। ভবিষ্যতে প্রস্তাব পেলে কারিগরিসহ যে কোন বিষয়ে অনুরোধের ভিত্তিতে প্রশিক্ষণ আয়োজন করা হবে।

২। প্রদত্ত মতামতের আলোকে আগামী ২০২১-২০২২ অর্থ বছরের প্রশিক্ষণ সূচি আরো সুবিন্যস্ত করা হবে।

৩। তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো: লি: হতে আনুষ্ঠানিক পত্র পেলে সংশোধিত বিল প্রেরণ করা হবে।

৪। পরিস্থিতি অনুকূলে হলে ভবিষ্যতে Onspot Training আয়োজন করা হবে।

১৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/
(এ কে মহিউদ্দিন আহমদ )
মহাপরিচালক
ফোন: ৮৯৩৩৩৩৪

নং-২৮.০৪.০০০০.০০৪.২৪.০০৭.১৮- ২১৫৮

তারিখ : ১৪ মার্চ, ২০২১ / ২৯ ফাল্গুন, ১৪২৭

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ,ঢাকা (সদয় অবগতির জন্য)।

[দৃষ্টি আকর্ষণ : যুগ্ম সচিব (প্রশাসন)]

২) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (সদয় অবগতির জন্য)।

৩) চেয়ারম্যান, পেট্রোবাংলা (সদয় অবগতির জন্য)।

৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

৫) মহাপরিচালক , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৬) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট।

৭) পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, প্রধান বিস্ফোরক পরিদর্শকের কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।

৯) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স)।

১০) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।

১১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড।

১২) ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।

১৩) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)।

১৪) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

১৫) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

১৬) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড।

১৭) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড।

১৮) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

১৯) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড।

১৮) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড।

২০) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড (বিসিএমসিএল)।

২১) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড।

২২) ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।

২৩) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানি লিমিটেড।

২৪) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন রিফাইনারী লিমিটেড।

২৫) ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড।

২৬) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড।

২৭) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

২৮) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

২৯) সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৩০) বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৪.০৮.২০২২

(এ কে মহিউদ্দিন আহমদ )
মহাপরিচালক
ফোন: ৮৯৩৩৩৩৪